ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন : ৯৫৫৮৬০৭
৯৫৮৭২৪০

স্মারক নং-০৫/২০১৮ তারিখঃ ২৬-০৭-২০১৮

**ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়**

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ
সকল উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমূহ (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ জাতীয় স্বার্থে বৈদেশিক রেমিট্যান্স সেবাকে অগ্রাধিকার প্রদান ও প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে সেবার মানোন্নয়ন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক রেমিট্যান্সের গুরুত্বপূর্ণ ভূমিকা সর্বজন স্বীকৃত। সাম্প্রতিক সময়ে বৈদেশিক মুদ্রার Inflow ও Outflow এর মধ্যে ঋনাত্মক পার্থক্য বৃদ্ধি পাওয়ায় বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যম হিসেবে রেমিট্যান্স এর গুরুত্ব আরও বৃদ্ধি পেয়েছে। বিশ্বের বৈদেশিক রেমিট্যান্স গ্রহনকারী দেশসমূহের মধ্যে বাংলাদেশ এর অবস্থান বর্তমানে দশম। তবে সমসংখ্যক শাখা নেটওয়ার্কের ব্যাংকসমূহের তুলনায় বাংলাদেশ কৃষি ব্যাংকের রেমিট্যান্স সংগ্রহ একেবারেই নগণ্য।

০২। ব্যাংকের বৈদেশিক বানিজ্য ব্যবসা সুষ্ঠুভাবে পরিচালনা তথা রেমিট্যান্সের ভিতকে মজবুত করার অভিপ্রায়ে ২০১৮-১৯ অর্থবছরের জন্য রেমিট্যান্স সংগ্রহের লক্ষ্যমাত্রা ২,০০০.০০ কোটি টাকা নির্ধারণ করে ইতোমধ্যে মাঠ পর্যায়ে লক্ষ্যমাত্রা প্রেরণ করা হয়েছে। রেমিট্যান্সের উপকারভোগীদেরকে উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণের মাধ্যমে প্রতিটি শাখায় রেমিট্যান্স প্রদান অব্যাহত রাখলে বাংলাদেশ কৃষি ব্যাংকের সুবিস্তৃত শাখা নেটওয়ার্কের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করে রেমিট্যান্স সংগ্রহকারী প্রতিযোগী ব্যাংকসমূহের মধ্যে সম্মানজনক অবস্থান অর্জন শুধু সময়ের ব্যাপার। শাখায় আগত রেমিট্যান্স এর উপকারভোগীকে সর্বোচ্চ ১০(দশ) মিনিটের মধ্যে যথাযথ প্রক্রিয়া সম্পাদনপূর্বক রেমিট্যান্স সেবা প্রদান করতে হবে।

০৩। প্রতিটি শাখায় নিম্নোক্ত লেখা সম্পন্ন ৩ ফুট X ২ ফুট পিভিসি সাইনেজ দর্শনীয় স্থানে প্রদর্শন করতে হবে।

"এই শাখায় বিদেশ থেকে প্রেরিত রেমিট্যান্সের টাকা তাৎক্ষণিকভাবে পরিশোধ করা হয়"

যেকোন অভিযোগের জন্য যোগাযোগ করুনঃ

- উপ-মহাব্যবস্থাপক, ফরেন রেমিট্যান্স বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা, ফোনঃ ০২-৯৫৫৮১০৯, ০১৭১২৫১১১০১।
- সহাকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), টিএমডি, বিকেবি, প্রকা, ঢাকা, ফোনঃ ০২-৯৫৭৩৩৯৮, ০১৭১৫৩০০৯১১।
- মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ), বিকেবি, প্রকা, ঢাকা। টেলিফোনঃ ০২-৭১১৫৩৪৪।
- ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা। টেলিফোনঃ ০২-৯৫৫৮৬০৭,০২-৯৫৮৭২৪০, ০১৭১৩০৬৫৬৭৮(চীফ স্টাফ অফিসার টু এমডি)।

০৪। রেমিট্যান্স সেবা প্রদান জাতীয় দায়িত্ব বিবেচনায় এ সেবা প্রদানে কোন প্রকার অযাচিত বিলম্ব বা শৈথল্য সম্পর্কিত অভিযোগের ক্ষেত্রে জিরো টলারেন্স প্রদর্শন করা হবে।

০৫। এমতাবস্থায়, রেমিট্যান্স সেবাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলো।

ধন্যবাদান্তে

মোঃ আলী হোসেন প্রধানিয়া
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
২৬ জুলাই, ২০১৮খ্রিঃ

E:\Tapos\Treasury\TMD Letter.docx